দর্শনায় ফেনসিডিল সহ ঈশ্বরচন্দ্রপুরের উজ্জল গ্রেফতার

দর্শনায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেছে পুলিশ। এ অভিযানে ভারতীয় নেশাজাত দ্রব্য ফেনসিডিল সহ উজ্জল হোসেন নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে।
পুলিশ জানায়, গতকাল মঙ্গলবার সন্ধা সাড়ে ৭টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ, এম লুৎফুল কবীরের নেতৃত্বে থানার এসআই নীতিশ বিশ্বাস, এসআই সুমন্ত বিশ্বাস, এএসআই আনোয়ারুল হক, এএসআই আবু বক্কর সিদ্দীক, এএসআই মামুনুর রশিদ সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন এলাকার মাধ্যমিক বালিকা বিদ্যালয় গামী সড়কের স্বাস্থ্য পরিবার কল্যান কেন্দ্রের সামনে পাকা রাস্তার উপর। এসময় ১২ বোতল ভারতীয় ফেন্সিডিল সহ উজ্জল হোসেন নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেন।
গ্রেফতারকৃত উজ্জল হোসেন দর্শনা পৌর এলাকার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের স্কুল পাড়ার আশাদুল মোল্লার ছেলে।
উক্ত ঘটনায় গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের আলমডাঙ্গা থানা ও বালিকা বিদ্যালয় পরিদর্শন

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার আলমডাঙ্গা থানা ও বালিকা বিদ্যালয় পরিদর্শন করেছেন। তিনি ২১ ডিসেম্বর মঙ্গলবার বিকেলে আলমডাঙ্গা থানায় আগমন করলে তাঁকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

আলমডাঙ্গা থানার পুলিশ পরিদর্শক অপারেশ শেখ মাহবুবুর রহমান ফুলের তোড়া দিয়ে অভ্যর্থনা জ্ঞাপন করেন । থানা পরিদর্শনকালে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূর, উপজেলা সহকারী কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ ।

জেলা প্রশানক থানা পরিদর্শক করে সন্তোষ প্রকাশ করেন। পরে জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় পরিদর্শন করেন। এসময় পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের পক্ষ থেকেও জেলা প্রশাাসককে ফুল দিয়ে বরণ করে নেন শিক্ষকবৃন্দ।

বিদ্যালয় পরিদর্শনকালে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূর, উপজেলা সহকারী কমিশনার ভ‚মি রেজওয়ানা নাহিদ, আলমডাঙ্গা থানার পুলিশ পরিদর্শক শেখ মাহবুবুর রহমান, পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান। পরে তিনি গড়গড়ি আবাসন প্রকল্প পরিদর্শন করে সেখানে শীতার্তদের মাঝে শীতের কম্বল বিতরণ করেন।

মেহেরপুরে পূর্ব শত্রুতার জেরে যুবককে ছুরিকাঘাত

মেহেরপুরে পূর্ব শত্রুতার জের ধরে জহরুল ইসলাম নামের এক যুবককে ছুরিকাঘাত করা হয়েছে। মঙ্গলবার সন্ধ্যার দিকে শহরের ঘোষপাড়ায় এ ঘটনা ঘটে।

আহত জহুরুল ইসলাম ঘোষপাড়ার রফিকুল ইসলামের ছেলে। জহুরুলকে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

জানা গেছে বেশ কিছুদিন পূর্বে একই এলাকার খোকনের ছেলে পারভেজের সাথে জহুরুল এর মধ্যে কথা-কাটাকাটির জের ধরে মারামারির ঘটনা ঘটে।

ওই ঘটনার জের ধরে মঙ্গলবার সন্ধ্যার দিকে আবার ও জহিরুলের সাথে পারভেজের কথা কাটাকাটি হয়। কথা কাটাকাটির এক পর্যায়ে পারভেজ ছুরি দিয়ে জহিরুলকে আঘাত করে রক্তাক্ত জখম করে।

স্থানীয়রা জহিরুলকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে।

আলমডাঙ্গা মোটরসাইকেল-বাইসাইকেল মুখোমুখি সংঘর্ষ,আহত-২

আলমডাঙ্গার লালব্রিজের নিকট মোটরসাইকেল ও বাইসাইকেল মুখোমুখি সংঘর্ষে ২ জন আহত হয়েছে । মঙ্গলবার বিকেল সাড়ে ৪ টার দিকে এ ঘটনা ঘটে।

এ ঘটনায় মোটরসাইকেল আরোহী গুরুত্বর আহত হয়েছে। স্থানীয়রা উদ্ধার করে প্রাইভেট ক্লিনিকে ভর্তি করে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার কুমারি ইউনিয়নের কামালপুর গ্রামের মতিয়ার রহমানের ছেলে আকুল হোসেন। তার নিকটতম সঙ্গী মাহফুজকে নিয়ে আলমডাঙ্গায় যাচ্ছিলো। এসময় বিপরীত দিক থেকে বাইসাইকেল আসলে মুখোমুখি সংঘর্ষ হয়।

এতে মোটরসাইকেল আরোহী আকুল ও তার সঙ্গী মাহফুজ রাস্তায় ছিটকে পড়ে। এতে গুরুত্বর জখম হয় আকুল। স্থানীয়রা আকুলকে উদ্ধার করে আলমডাঙ্গার প্রাইভেট ক্লিনিকে ভর্তি করে।

আলমডাঙ্গার গাংনী ৯ নম্বর

ওয়ার্ডের নির্বাচন অনুষ্ঠিত

আলমডাঙ্গার গাংনী ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের সমান ভোটে স্থাগিত ভোটে আবারো পূণরায় নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল ৭ টা থেকে বিকেল ৪ টা পর্যন্ত এ ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। এ ভোটে দুই প্রার্ণী অংশ গ্রহণ করে। সাবেক মেম্বার কলিমুদ্দিন ফুটবল প্রতিক ও মোমিনুল হক মোরগ প্রতিক নিয়ে পূণরায় নির্বাচন করে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার গাংনী ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডে গত ২৮শে নভেম্বর নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে সাবেক মেম্বার কলিমুদ্দিন ফুটবল প্রতিক ও মোমিনুল হক মোরগ প্রতিকে নির্বাচনে অংশ নেয়। নির্বাচনে ৪০১ ভোটে পৃথক প্রার্ণী সমান ভোট পায়।

এরপর থেকে নির্বাচন কমিশনের পক্ষ থেকে পূণরায় নির্বাচনের ঘোষণা দেয়। এরই পরিপ্রেক্ষিত গতকাল মঙ্গলবার সকাল থেকে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। এতে ফুটবল প্রতিক নিয়ে কলিমুদ্দিন ৪৪৮ ভোট ও মোরগ প্রতিকে মোমিনুল হক ৪৪১ ভোট পেয়ে এতে কলিমুদ্দিন ৪৭ ভোটে বিজয় লাভ করে।

মেহেরপুর থিয়েটারের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান

মেহেরপুরে মেহেরপুর থিয়েটারের ২৪ তম প্রতিষ্ঠা বার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

মঙ্গলবার সন্ধ্যা ৭ টার সময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে এই আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর থিয়েটারের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেকের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন,জেলা আওয়ামী লীগের যুগ্ন আহবায়ক অ্যাডভোকেট ইব্রাহিম শাহিন,পিপি পল্লব ভট্টাচার্য,মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান,সহ-সভাপতি নুরুল আহমেদ,অরণি থিয়েটারের আহবায়ক নিশান সাবের, শিক্ষক জানে আলম সহ প্রমুখ।

মেহেরপুর থিয়েটারের শিল্পীরা দর্শকদের মাঝে সংগীত, নৃত্য ও কবিতা পরিবেশন করে তাদের মুগ্ধ করে তোলে।

দামুড়হুদায় বাসের চাকায় পিষ্ট হয়ে মোটরসাইকেল চালকের মৃত্যু

দামুড়হুদা উপজেলার দর্শনায় বাসের চাকায় পিষ্ট হয়ে কামরুল ইসলাম
(৪০) নামে এক মোটরসাইকেল চালকের মৃত্যু হয়েছে। মঙ্গলবার (২১ ডিসেম্বর) বেলা সাড়ে ১২ টার দিকে দর্শনা বাসস্ট্যান্ডের সন্নিকটে তেতুলতলায় এদূর্ঘটনা ঘটে। এসময় অপর মোটরসাইকেল চালক নেন্টু মিয়া
(৫০) গুরুতর জখম হয়। তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। খবর পেয়ে দর্শনা থানা পুলিশ ঘটনাস্থলে পৌছে ঘাতক বাসটি জব্দ করে থানায় নেই। এসময় বাসের চালক ও সহকারী পালিয়ে যায়।

নিহত কামরুল ইসলাম যশোর শহরের নাজির শংকরপুর এলাকার ছাদেক দারোগার মোড়ের নওসের আলীর ছেলে। আহত নেন্টু মিয়া চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার মদনা গ্রামের পশ্চিমপাড়ার আততাব আলীর ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, দুটি মোটরসাইকেলযোগে কামরুল ইসলাম ও নেন্টু মিয়া চুয়াডাঙ্গার দিকে আসছিল। দর্শনা বাসস্ট্যান্ডের সন্নিকটে তেতুলতলায় পৌছানে পাশাপাশি হওয়ায় দুই মোটরসাইকেলে ধাক্কা লাগে। এতে কামরুল ইসলাম পাকা উপর ছিটকে পড়ে যায়। এসময় জীবননগর থেকে ছেড়ে আসা চুয়াডাঙ্গাগামী শাপলা পরিবহনের ‘এমকে দোয়েল’ (ঢাকা মেট্রো-ব- ১৪-১৯৫০) নামে একটি বাসের চাকায় পিষ্ট হয় কামরুল ইসলাম। এতে ঘটনাস্থলেই মৃত্যু হয়। এ সময় আহত হয় অপর

মোটরসাইকেল চালক নেন্টু মিয়া। স্থানীয়রা নেন্টুকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঠায়।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. সোহরাব হোসেন মেহেরপুর প্রতিদিনকে বলেন, আহত নেন্টু মিয়ার অবস্থা শঙ্কামুক্ত। তার শরীরে সামান্য জখমের চিহৃ আছে। প্রাথমিক চিকিৎসা শেষে ভর্তির পরামর্শ দেয়া হয়েছে।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এএইচএম লুৎফুল কবীর মেহেরপুর প্রতিদিনকে বলেন, দুই মোটরসাইকেলের ধাক্কায় চালক কামরুল ইসলাম পড়ে যায়। এসময় যাত্রীবাহী বাসে চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থানেই তার মৃত্যু হয়। আহত হয় অপর মোটরসাইকেল চালক নেন্টু মিয়া। বাসের চালক ও সহকারী পলাতক থাকলেও পুলিশ ঘটনাস্থল থেকে বাসটি আটক করে থানায় নিয়েছে। সুরতহাল প্রতিবেদন শেষে ময়নাতদন্তের জন্য মরদেহ চুয়াডাঙ্গা সদর হাসপাতালের মর্গে প্রেরণ করা হচ্ছে। তাদের বিরুদ্ধে আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন।

মেহেরপুরে আনসার ও প্রতিরক্ষা বাহিনীর সমাবেশ অনুষ্ঠিত

মেহেরপুরে আনসার ও প্রতিরক্ষা বাহিনীর জেলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকালের দিকে মেহেরপুর জেলা আনসার ভিডিপি অফিস প্রাঙ্গণে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী মেহেরপুর জেলা সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে জেলা সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী খুলনা রেঞ্জের পরিচালক মোল্লা আমজাদ হোসেন পিএএমএস, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম।

মেহেরপুর সদর উপজেলা আমসার কর্মকর্তা মোঃ ইসরাফীল হোসেনের সঞ্চালনায়

স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর জেলা কমান্ড্যান্ট রাকিবুল ইসলাম। সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ইউনিয়ন দলনেতা জামিরুল ইসলাম, দলনেত্রী মৌসুমি খাতুন। পরে আনসার-ভিডিপিতে বিশেষ অবদান রাখায় ৯ জনকে সাইকেল, ৪ জনকে সেলাই মেশিন, ২০ জনকে ছাতা প্রদান করার পাশাপাশি ১৫০ জনকে শুভেচ্ছা উপহার প্রদান করা হয়। জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন সাইকেল ও সেলাই মেশিন তুলে দেন।

মেহেরপুর যুব উন্নয়ন অধিদপ্তরের যুব প্রশিক্ষনার্থীদের মাঝে চেক বিতরণ

মেহেরপুর জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উদ্যোগে যুব প্রশিক্ষনার্থী আত্মকর্মী উদ্যোক্তা এবং যুব সংগঠনের সাথে মতবিনিময় ও প্রশিক্ষণার্থীদের মাঝে ভাতা বিতরণ প্রশিক্ষণ সনদ এবং যুব ঋণের চেক বিতরণ করা হয়েছে। গতকাল
সোমবার বিকেলে মেহেরপুর জেলা যুব উন্নয়ন অধিদপ্তর মিলনায়তনে মতবিনিময় ও প্রশিক্ষণার্থীদের মাঝে ভাতা , প্রশিক্ষণ সনদ এবং যুব ঋণের চেক বিতরণ করা হয়।
জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে যুব প্রশিক্ষনার্থী সাথে মতবিনিময় ও প্রশিক্ষণার্থীদের মাঝে ভাতা,প্রশিক্ষণ সনদ এবং যুব ঋণের চেক বিতরণ করেন। এসময় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেন, যুবকরা যতবেশী সুপ্রশিক্ষিত হবে বাংলাদেশ ততবেশী সামনে এগিয়ে যাবে। আমরা আশা করছি ২০৪১ সালের আমাদের যে রুপকল্পের বাংলাদেশ সবচাইতে উন্নত দেশগুলির মধ্যে একটিতে পরিণিত হবে। সেটি কিন্তু হবে এই তরুণদের নেতৃত্বে। আজকের বাংলাদেশ উন্নয়নের রোল মডেলে

পরিণত হয়েছে। আমাদের এই সরকারের যে বিশেষত্ব আছে তার একটি হচ্ছে যুবদেরকে যুবতীদেরকে সুপ্রশিক্ষিত করে তাদের নিজের পায়ে দাঁড় করানো।
জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আজহারুল ইসলাম খান, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম। স্বাগত বক্তব্য রাখেন জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক একেএম জাহিদ মালেক। কম্পিউটার প্রশিক্ষক মাসুদ আল আহসান নোভেলের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন প্রমূখ। পরে ৫৪ জন প্রশিক্ষিত যুবকের মাঝে ১৪ লক্ষ ২৯ হাজার টাকা ঋণের চেক। ১০ জন প্রশিক্ষিত যুবকের মাঝে ৪ লক্ষ ১০ হাজার টাকা যুব কল্যাণের অনুদানের চেক, ৬০ জন প্রশিক্ষণার্থী মাঝে ভাতা প্রদান ২ টি সংগঠনের মধ্যে নিবন্ধন সনদ এবং বিভিন্ন ট্রেডের প্রশিক্ষিত যুবকদের মাঝে সনদ বিতরণ করা হয়। এর আগে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন যুব উন্নয়ন অধিদপ্তর প্রাঙ্গনে অনুষ্ঠিত যুব মেলার স্টল পরিদর্শন করেন। ১২ টি স্টল সেখানে স্থান পেয়েছে।

মেহেরপুরের শোলমারীতে এসকেএস ফাউন্ডেশনের ওয়াশ ব্লক এর উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলার শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে মানসম্মত ওয়াশ ব্লক এর উদ্বোধন করা হয়েছে। ওয়াটার এইড এর আর্থিক সহযোগিতায় ও এসকেএস এর কারিগরি সহায়তায় এই ওয়াশ ব্লকটি নির্মাণ করা হয়।
নির্মাণ শেষে গতকাল সোমবার সকালে আনুষ্ঠানিকভাবে বিদ্যালয়ের প্রধান শিক্ষক এর কাছে চাবি হস্তান্তর করেন এসকেএস এর কর্মকর্তারা। এসময় উপস্থিত ছিলেন, শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহাবুব রহমান, বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্য মশিউর রহমান, এসকেএস এর সহকারী পরিচালক পলাশ

কুন্ডু, প্রকল্প সমন্বয়কারী বসুদেব চন্দ্র সরকার, অডিট অফিসার সিরাজুল ইসলামসহ বিদ্যালয়ের শিক্ষক কর্মচারীবৃন্দ।